শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

DD(A) Please send endorse copy to all madrasah head for taking necessary action as per instruction. 25/1/18

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় শাখা।
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.২২.০১০.১৭- ৬৩

তারিখ: ০২ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত অন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।
সূত্র: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৩২.০০.০০০০.০৪১.২২.০০১.১৮-০৬, তারিখ: ০৮ জানুয়ারি, ২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত কার্যপত্রের ছায়ালিপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। আগামী ১৭ মার্চ ২০১৮ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত অন্ত:মন্ত্রণালয় সভায় এ বিভাগ সংশ্লিষ্ট নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

" দেশব্যাপী সকল জেলা ও উপজেলা সদরে শিশু সমাবেশ, আনন্দ র‍্যালি, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন;

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থাকরন"।

এমতাবস্থায়, আগামী ১৭ মার্চ ২০১৮ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে তাঁর অধিক্ষেত্রাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

(সৈয়দ আসগর আলী)
সহকারী সচিব (সমন্বয়)
ফোনঃ ৯৫৭৫৮০৭
dstmed17@gmail.com

বিতরণ সদয় কার্যার্থে:
১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ,ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.৩০.০০১.১৭-২৯

তারিখঃ ২৫.০১.২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৫.০১.২০১৮
(মোঃ সাইফুল ইসলাম)
উপ-পরিচালক (প্রশাসন), মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
ফোন-৯৩৪৫১৬৭ ইমেইল: ddadmeb@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
১. অধ্যক্ষ, সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা/সরকারি আলিয়া মাদরাসা, সিলেট/সরকারি মোস্তাফাবিয়া মাদরাসা, বগুড়া
২. জেলা শিক্ষা অফিসার (সকল) [তাঁর জেলার সকল মাদরাসায় অবহিতকরণের অনুরোধসহ]
৩.অধ্যক্ষ/সুপার, ......................মাদরাসা, পো:..............., উপজেলা............., জেলা.......................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ ১৭ মার্চ ২০১৮ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস-২০১৮ উদযাপন উপলক্ষ্যে ১০/০১/২০১৮ তারিখ অনুষ্ঠেয় প্রস্তুতিমূলক সভার কার্যপত্র ঃ

আগামী ১৭ মার্চ ২০১৮ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত জাতির পিতার জন্ম দিবসকে জাতীয় শিশু দিবস হিসেবে পালন করা হয়। এ দিবসের মাধ্যমে শিশুরা স্বাধীনতা সংগ্রামের প্রকৃত ইতিহাস জানতে পারে এবং মুক্তিযুদ্ধের চেতনা ও জাতির পিতার আদর্শে অনুপ্রাণিত হয়ে সুনাগরিক হিসেবে নিজেদের গড়ে তুলতে সক্ষম হয়।

২। প্রতি বছরের ন্যায় এ বছরও আগামী ১৭মার্চ, ২০১৮ তারিখ গোপালগঞ্জের টুঙ্গীপাড়ায় জাতির পিতার ৯৯তম জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস- ২০১৮ পালন করা হবে। দিবসটি যথাযথ মর্যাদায় পালন করার জন্যও অদ্যকার প্রস্তুতিমূলক সভার আয়োজন করা হয়েছে। নিম্নবর্ণিত বিষয়সমূহের ওপরে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। কর্মসূচি এসাথে সংযুক্ত করা হলো।

৩। **সভার আলোচ্যসূচি ঃ**

১। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস - ২০১৮ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি নির্ধারণ (পরিশিষ্ট- ক)।

২। বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন।

৩। টুঙ্গীপাড়ায় জাতির পিতার মাজারে পুষ্পস্তবক অর্পন ও অনার গার্ড প্রদান।

৪। আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

৫। দিবসটি উপলক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিতব্য শিশু সমাবেশ ও শিশু র‌্যালী আয়োজন;

৬। আমন্ত্রণপত্র প্রস্তুত ও বিতরণ, স্যুভেনির প্রকাশ ও পোষ্টার তৈরী;

৭। জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ এবং রেডিও-টেলিভিশনে বিশেষ অনুষ্ঠান প্রচার, মিডিয়া কভারেজ;

৮। জাতির পিতার ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস,২০১৮ দেশব্যাপী যথাযোগ্য মর্যাদায় উদযাপন;

৯। জাতির পিতার ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস,২০১৮ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন কমিটি গঠন; (পরিশিষ্ট- খ)

১০। জাতির পিতা বঙ্গবন্ধুর জীবন ও মহান মুক্তিযুদ্ধভিত্তিক সপ্তাহব্যাপী ভ্রাম্যমান পুস্তক প্রদর্শনী ;

১১। দিবসের প্রতিপাদ্য নির্ধারণ;

১২। বিদেশে বাংলাদেশের দূতাবাসসমূহে দিবসটি যথাযথ মর্যাদায় উদযাপন;

১৩। শিশুর স্বাস্থ্য সচেতনতা, পুষ্টি ও খাদ্য সম্পর্কে আলোচনা।

১৪। বাজেট অনুমোদন (পরিশিষ্ট - গ) বিগত দুই বছরের বাজেট ।

১৫। বিবিধ।

১৭ মার্চ ২০১৭ জাতির পিতা বঙ্গবন্ধ শেখ মুজিবুর রহমান এর ৯৮তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০১৭ উদযাপন উপলক্ষে কর্মসূচিঃ

| কার্যক্রম | বাস্তবায়নকারী সংস্থা/ বিভাগ/প্রতিষ্ঠান |
|---|---|
| ১। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন | • সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়<br>• প্রধান প্রকৌশলী, গণপুর্ত অধিদপ্তর।<br>• কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকা |
| ২। মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর টুঙ্গী পাড়ায় গমন, জাতির পিতার মাজারে পুষ্পস্তবক অর্পণ ও অনার গার্ড প্রদান। | • জেলা প্রশাসক, গোপালগঞ্জ<br>• জেলা পরিষদ, গোপালগঞ্জ<br>• সশস্ত্র বাহিনী বিভাগ<br>• প্রটোকল অফিসার-১, প্রধানমন্ত্রীর কার্যালয় |
| ৩। টুঙ্গীপাড়ায় শিশু সমাবেশ, সাংস্কৃতিক অনুষ্ঠান, পুস্তক প্রদর্শনী ও 'খোকা থেকে বঙ্গবন্ধু' শিরোনামে আলোক চিত্র প্রদর্শনী | জেলা প্রশাসক, গোপালগঞ্জ, বাংলাদেশ শিশু একাডেমি ও গোপালগঞ্জ শিশু একাডেমি, বাংলা একাডেমি, জাতীয় গ্রন্থাগার কেন্দ্র, ডিএফপি |
| ৪। আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | • সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>• বাংলাদেশ শিশু একাডেমী<br>• সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>• বাংলা একাডেমী<br>• শিল্পকলা একাডেমী<br>• নজরুল ইন্সটিটিউট<br>• বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন<br>• জেলা প্রশাসক (সকল) |
| ৫। বঙ্গবন্ধুর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে স্যুভেনির প্রকাশ, পোষ্টার মুদ্রণ, ক্রোড়পত্র মুদ্রণ ও বিতরণ | • স্যুভেনির কমিটি<br>• ডি এফ পি<br>• পিআইডি |
| ৬। দিবসটি উদযাপন উপলক্ষে জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ এবং বাংলাদেশ বেতার ও টেলিভিশন কর্তৃক বিশেষ অনুষ্ঠান প্রচার এবং মিডিয়া কভারেজ | • তথ্য মন্ত্রণালয়<br>• তথ্য অধিদপ্তর<br>• গণযোগাযোগ অধিদপ্তর<br>• বাংলাদেশ টেলিভিশন<br>• বাংলাদেশ বেতার<br>• চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তর(ডিএফপি) |
| ৭। দেশব্যাপী সকল জেলা ও উপজেলা সদরে শিশু সমাবেশ, আনন্দ র‍্যালি, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন<br>বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের ব্যবস্হাকরণ | • জেলা প্রশাসক(সকল)<br>• উপজেলা নির্বাহী অফিসার(সকল)<br>• পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী<br>• জেলা শিশু সংগঠক ও জেলা শিশু বিষয়ক কর্মকর্তা (সকল)<br>• শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়<br>• জেলা প্রশাসকগণ নিজ নিজ জেলায় এবং উপজেলা নির্বাহী অফিসারগণ উপজেলা ও ইউনিয়নসমুহে কর্মসূচী সমন্বয় করবেন। |